যুগান্তর

তারিখ 22 AUG 2016
পৃষ্ঠা ১৬ কলাম ৪

# শাবিতে শিক্ষকের বিরুদ্ধে ছাত্রীকে কম নম্বর দেয়ার অভিযোগ

শাবি প্রতিনিধি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের লোক প্রশাসন বিভাগের সহকারী অধ্যাপক মো. সামিউল ইসলামের বিরুদ্ধে থিসিসে কম নম্বর দেয়ার অভিযোগ করেছেন বিভাগের এক ছাত্রী। তাকে হয়রানি করা হয়েছে বলেও অভিযোগ করেন তিনি। তাকে জোরপূর্বক আল্লাহর নাম নেয়ারও অভিযোগ করেছেন তিনি। ভুক্তভোগী ছাত্রীর নাম বিথী দেব নাথ। তিনি লোক বিভাগের ২০১২-১৩ শিক্ষাবর্ষের মাস্টার্সের শিক্ষার্থী। তিনি অভিযুক্ত শিক্ষক মো. সামিউল ইসলামের অধীনে থিসিস (Pad-৬১১) কোর্স সম্পন্ন করেন। থিসিস পেপারটিকে নিরপেক্ষ পরীক্ষকের মাধ্যমে পুনর্মূল্যায়ন করার জন্য বিভাগীয় প্রধানের মাধ্যমে বিশ্ববিদ্যালয় প্রশাসনের কাছে ৭ আগস্ট লিখিত দাবি জানিয়েছেন বিথী দেব নাথ। ওই ছাত্রী উল্লেখ করেন, স্নাতকোত্তর পর্যায়ে দুটি সেমিস্টারের সম্মিলিত ফলাফলে সিজিপিএ ৩.৫৫ পেয়ে প্রথম স্থান অধিকার করলেও ১২ ক্রেডিটের থিসিসে (Pad-৬১১) ইচ্ছাকৃতভাবে অপেক্ষাকৃত কম নম্বর দেয়া হয়েছে। থিসিস মূল্যায়নের কোনো একপর্যায়ে তাকে বঞ্চিত করা হয়েছে বলে দাবি করেন তিনি। বর্তমানে তিনি মানসিক যন্ত্রণার মধ্য দিয়ে দিন অতিবাহিত করছেন বলেও অভিযোগপত্রে উল্লেখ রয়েছে। বিথী দেব নাথ বলেন, ওই শিক্ষক ইচ্ছাকৃতভাবে আমাকে কম নম্বর দিয়ে বঞ্চিত করেছেন। বিভাগের পছন্দের এক ছাত্রীকে শিক্ষক বানানোর জন্য পাঁয়তারা করছেন ওই শিক্ষক এমন অভিযোগ ওই ছাত্রীর। বিষয়টি নিয়ে সামিউল ইসলামের সঙ্গে যোগাযোগ করা হলে, তিনি এ বিষয়ে গণমাধ্যমের সঙ্গে কথা বলবেন না বলে জানান।